সম্বোধন

অন্নদাশঙ্কর রায় করকমলেষু

সম্বোধন

গোলাম কুদ্দুস

দীপায়ন
২০ কেশবচন্দ্র সেন স্ট্রীট ॥ কলিকাতা ৭০০০০৯

আর এক রমণী

যখন এক সোভিয়েত রমণী মহাকাশে পাড়ি দিয়ে আমাদের দেশে বেড়াতে এলেন তখন আমার আর এক রমণীর কথা মনে পড়ে গেল।

আপনি কার্ল মার্কসের সহধর্মিণী। আপনার কথা এমনভাবে আমার মনে এল কেন? মহাকাশ যাত্রিণীর সঙ্গে আপনার কি যোগ?

যোগের কথা হয়তো সবিস্তারে বর্ণনা করা যেত। হয়তো এও বলা যেত যে, মার্কসের হাত ধরে আপনি যখন নির্বাসিত জীবনের অনিশ্চয়তার বোঝা মাথায় নিয়ে ঘর থেকে বেরিয়েছিলেন, তখন তা ছিল ইতিহাসের বিচারে আরও অপার মহাশূন্যে পক্ষ-বিস্তার। এর যথার্থ প্রমাণ করাও হয়তো শক্ত নয়। কিন্তু এসব দিকে আমার মন নেই। আমি ভাবছি, এমন আনন্দের মুহূর্তে কেন আপনার জীবনের কঠিন দুঃখের দিনগুলির ছবি আমার চোখে ভেসে এল? বৃক্ষচারা যারা রোপণ করেছিল আজ ফলের উৎসবে তারা অনুপস্থিত, আমার বেদনাবোধের কারণ কী এই?

অথচ এই বেদনাবোধ কোথায় যেন এক গভীর আনন্দের সঙ্গে মিশে গেছে।

ট্রায়ার শহরের সবচেয়ে সেরা সুন্দরী ছিলেন আপনি। ধনীগৃহে আপনার জন্ম। কিন্তু আপনি সে-সব বিলাস ত্যাগ করে মার্কসের হাত ধরে বিশ্বের পথে বেরিয়ে পড়তে পেরেছিলেন অনায়াসে বিনা দ্বিধায়।

আমাদের দেশের কয়েকজন মহাপুরুষ সিদ্ধিলাভের জন্য সহধর্মিনীদের পিছনে ফেলে এসেছিলেন। তাঁদের অর্ধাঙ্গিনীদের জন্য লোকের মনে আজও প্রচুর সহানুভূতি দেখা যায়। তবে এ কথা বলতেই হবে যে, সে-বেচারীদের আপনার মতো বহির্বিশ্বে বেরিয়ে দুর্ভোগ সহ্য করতে হয় নি। আসলে এর